# কচুয়া পৌরসভা কার্যালয়

## কচুয়া, চাঁদপুর।

স্মারক নং-৪৬.২০.১৩৫৮.০৫৭.০১.০০৩.২০২৬- ৫৯২

তারিখঃ ১৭/০২/২০২৬ খ্রিঃ
০৩ ফাল্গুন ১৪৩২ বাংলা

## বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬ ইং

## "হাট-বাজার/ পৌর বাস/ ট্রাক ষ্ট্যান্ড/ সি.এন.জি ষ্ট্যান্ড/ গণশৌচাগার/ পৌর পশু জবাইখানা ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কচুয়া পৌরসভাধীন নিম্ন বর্নিত হাটবাজার/পৌর বাস/ট্রাক ষ্ট্যান্ড/সি.এন.জি ষ্ট্যান্ড/পৌর পশু জবাইখানা/ গণশৌচাগার সমুহ নিম্নোক্ত **সময়সূচী অনুযায়ী ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১ (এক) বছর** মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ইজারা বন্দোবস্ত দেয়ার জন্য শর্ত সাপেক্ষে নির্ধারিত দরপত্র ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### দরপত্র ফরম বিক্রয়, জমা ও দরপত্র খোলার স্থান ঃ

| দরপত্র বিক্রয়ের স্থানসমূহ | দরপত্র জমার স্থানসমূহ | দরপত্র খোলার স্থান |
|---|---|---|
| ১। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর।<br>২। পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর।<br>৩। প্রশাসক, কচুয়া পৌরসভা কার্যালয়, কচুয়া, চাঁদপুর।<br>৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কচুয়া, চাঁদপুর।<br>৫। সহকারী কমিশনার (ভূমি), কচুয়া চাঁদপুর এর কার্যালয়।<br>৬। সোনালী ব্যাংক পিএলসি, কচুয়া বাজার শাখা, চাঁদপুর । | ১। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর।<br>২। কচুয়া পৌরসভা কার্যালয়, কচুয়া, চাঁদপুর।<br>৩। পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর।<br>৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কচুয়া, চাঁদপুর।<br>৫। সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কচুয়া চাঁদপুর। | কচুয়া পৌরসভা কার্যালয় কচুয়া, চাঁদপুর। |

দরপত্র বাক্স খোলার নির্ধারিত সময় বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

### দরপত্র ফরম বিক্রয় ও দরপত্র গ্রহনের সময়সূচী

| পর্যায় সমূহ | দরপত্র বিক্রয় শেষ তারিখ | দরপত্র গ্রহনের শেষ তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার | ০৯/০৩/২০২৬ ইং<br>সকাল ৯.৩০ টা হতে ৫.০০ টা পর্যন্ত | ১০/০৩/২০২৬ইং<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১০/০৩/২০২৬ ইং<br>বেলা ৩.০০ ঘটিকা | উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজনবোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোনবার দরপত্র গৃহীত হলে ঐ সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত থাকবে। |
| ২য় বার | ২৯/০৩/২০২৬ ইং<br>সকাল ৯.৩০ টা হতে ৫.০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২৬ ইং<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৩/২০২৬ ইং<br>বেলা ৩.০০ ঘটিকা | |
| ৩য় বার | ০৮/০৪/২০২৬ ইং<br>সকাল ৯.৩০ টা হতে ৫.০০ টা পর্যন্ত | ০৯/০৪/২০২৬ ইং<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৯/০৪/২০২৬ ইং<br>বেলা ৩.০০ ঘটিকা | |

### তফসিল

| ক্রমিক নং | মহালের নাম | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | কাঙ্খিত সরকারী মূল্য | জামানতের পরিমান |
|---|---|---|---|---|
| ০১ | কচুয়া বাজার | ৩,২০০/- | ১২,২৪,৬৬৭/- | উদ্বৃত্ত মুল্যের ১০০% |
| ০২ | কচুয়া গরু বাজার ও ছাগল বাজার | ৩,৮০০/- | ১৫,২০,০০০/- | উদ্বৃত্ত মুল্যের ১০০% |
| ০৩ | কচুয়া (কড়ইয়া) বিশ্বরোড মাছ বাজার আড়ৎ ও বিশ্বরোডের অস্থায়ী দোকান সমূহ | ৫০০/- | ৭৫,৫৫০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৪ | কচুয়া পৌর বাস ঘাট | ১,৪০০/- | ৩,৫০,৮৩৩/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৫ | কচুয়া ট্রাক ঘাট | ১,৬০০/- | ৪,৮৫,০০০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৬ | কচুয়া কাঠ বাজার গন-শৌচাগার | ৫০০/- | ৩২,৫০০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৭ | কচুয়া পৌর কসাইখানা | ৫০০/- | ৮৭,৮৩৩/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৮ | কচুয়া - কালিয়াপাড়া সি,এন, জি/ পল্লী বাইক লেগুনা ঘাট (সাবেক আজমীর বাস ষ্ট্যান্ড) | ১,০০০/- | ১,৯৮,০০০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ০৯ | কচুয়া আড্ডা সি.এন.জি/ পল্লী বাইক/ লেগুনা ঘাট (সাবেক আজমীর বাস ষ্ট্যান্ড হতে) | ১,২০০/- | ২,০৬,০০০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ১০ | কচুয়া- ডুমরিয়া/ হাজীগঞ্জ ও কোয়াচাঁদপুর সি.এন.জি / পল্লী বাইক/ অটোরিক্সা ঘাট (কচুয়া পরানপুর রাস্তার মুখ হতে ) | ১,২০০/- | ২,৬৫,৩৩৩/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ১১ | কচুয়া গুলবাহার ও কাশিমপুর সি.এন.জি/পল্লী বাই ঘাট (আনোয়ারা মেমোরিয়াল হাসপাতাল হতে বিশ্ব রোড পর্যন্ত) | ১,৪০০/- | ৩,৩২,৬৫৫/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |

চলমান পাতা- ৩/১

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | কচুয়া সাচার রোড সি.এন.জি/ পল্লী বাইক /লেগুনা ঘাট (উত্তর বাজার ব্রীজ হতে বিশ্ব রোড পর্যন্ত ) | ৫০০/- | ৫৩,৫৬৭/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ১৩ | কচুয়া তেতৈয়া রোড সি.এন.জি/ পল্লী বাইক ঘাট (কামাল কাউন্সিলর অফিস হতে সাব-রেজিষ্টার অফিস পর্যন্ত ) | ১,২০০/- | ২,৫৯,০০০/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ১৪ | কচুয়া নবাবপুর- বেতপুর রোড সি.এন. জি/ পল্লী বাইক ঘাট (পোষ্ট অফিস সামনে ও পৌর ভবন এর উত্তর পার্শ্ব হতে) | ১,২০০/- | ২,৩৮,৬৬৭/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |
| ১৫ | বিশ্বরোড ফায়ার সার্ভিস হতে- সাচার সি.এন. জি/ পল্লী বাইক ঘাট | ৫০০/- | ৭২,৩৬৬/- | ভ্যাট ও আয়কর সহ ১০০% |

শর্ত সমূহ ঃ

০১। দরপত্রের সাথে দরপত্রদাতা নিন্মোক্ত তথ্যাদি সত্যায়িত সংযুক্ত করে দাখিল করতে হবে ঃ
(ক) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (খ) দুই কপি পাসপোর্ট সাইজের ছবি,
(গ) প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর ফটোকপি।

০২। হাট-বাজার ইজারার ক্ষেত্রে (গ্রুপ নং ০১-০২) উল্লেখিত দরের ১০০% পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, কচুয়া পৌরসভার অনুকুলে (দরপত্রের সাথে) দাখিল করতে হবে। ইজারা প্রাপ্তির পর জামানত ১০%, ভ্যাট ১৫%, আয়কর ১০% (পৃথক পৃথক আকারে) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, কচুয়া পৌরসভার নামে ইজারাদারকে পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে পরিশোধ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৩। ঘাট সমুহের ক্ষেত্রে- (গ্রুপ নং ০৩-১৫) দরপত্রে উদ্ধৃত দরের ১০০% ইজারার টাকা, ভ্যাট বাবদ ১৫% টাকা, আয়কর বাবদ ১০% টাকা ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যে প্রশাসক, কচুয়া পৌরসভার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। দরপত্র প্রাপ্ত ইজারাদারগণ ৩০০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পের মাধ্যমে চুক্তি পত্র সম্পাদন করতে হবে এবং দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৪। ইজারাদার মহালের সকল অবকাঠামো রক্ষণা বেক্ষণ সহ যাবতীয় পরিস্কার পরিচ্ছন্নতা ও বিদ্যুত বিল পরিশোধ করবেন। ইজারাদার মহালের পরিস্কার পরিচ্ছন্নতা করতে ব্যর্থ হলে জমাকৃত ১০% জামানত বাজেয়াপ্ত করা হবে। মেয়াদান্তে জামানত ফেরৎ দেয়া হবে।

০৫। ১ম বার দরপত্র দাখিলের তারিখ কোন মহালের সন্তোষজনক দর পাওয়া না গেলে ২য়/৩য় বার দরপত্র দাখিলের তারিখে দরপত্র গ্রহন করা হবে। ১ম/২য়/৩য় বারের দরপত্র দাখিলের মাধ্যমে কোন কোন ষ্ট্যান্ড দাখিলকৃত দর গৃহীত হয়েছে তা সংশ্লিষ্ট দরদাতা গণকে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে নিজ দায়িত্বে জেনে নিতে হবে। ইহার জন্য আলাদা বিজ্ঞপ্তি জারী করা হবে না।

০৬। গণ শৌচাগারের ইজারাদারগণ সেফটিক ট্যাঙ্ক ও সোকওয়েল, ড্রেইন পরিস্কার পরিচ্ছন্নতা সহ গনশৌচাগারের বিদ্যুৎ বিল, পানির বিল নিজ দায়িত্বে পরিশোধ করবেন। এই পরিস্কার পরিচ্ছন্নতা ও যাবতীয় বিল পরিশোধের ক্ষেত্রে পৌরসভার কোন দায়দায়িত্ব থাকবে না।

০৭। পৌরসভার নিকট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পৌরকর/ ইজারার বকেয়া টাকা/ ফি/ টোল/চেক ইত্যাদি দেনা আছেন এই ধরনের ব্যক্তি/ প্রতিষ্ঠান পৌরসভার কোন ইজারায় অংশ গ্রহণ করতে পারবে না।

০৮। ইজারাদার কোন ক্রমেই প্রাপ্ত ইজারা অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

০৯। ইজারাদারকে পৌরসভার পক্ষ হতে সরবরাহকৃত রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।

১০। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানাইয়া প্রচার করিবেন ঃ

## টোল/ ফি আদায়ের বিবরনী ঃ-

| ক্রমিক নং | যানবাহন/ পশু জবাই ফি/গনশৌচাগারের ফি | টোল/ফি |
|---|---|---|
| ০১ | প্রতি ট্রাক, পিক-আপ, ট্রাক্টর ও কাভার্ড ভ্যান লোড ও আনলোড | ১০/- |
| ০২ | প্রতি বাস দৈনিক | ১৫/- |
| ০৩ | প্রতি বেবীটেক্সি/সি.এন.জি/লেগুনা ও অটো রিক্সা/ পল্লী বাইক দৈনিক | ১০/- |
| ০৪ | প্রতি গরু জবাই | ১০০/- |
| ০৫ | প্রতি মহিষ জবাই | ১৫০/- |
| ০৬ | প্রতি ছাগল/ভেড়া জবাই | ৫০/- |
| ০৭ | প্রশ্রাব প্রতিজন (এক বার) | ২/- |
| ০৮ | পায়খানা প্রতিজন (এক বার) | ৫/- |



CamScanner

১। ইজারা গ্রহীতাকে ইজারা চুক্তিতে অন্যান্য শর্ত সমূহ মানিয়া চলিতে হইবে।

১২। প্রতি ট্রাক, পিক-আপ, ট্রাক্টর, ও কাভার্ড ভ্যান লোড ও আনলোড ব্যাতিত কোন ফি আদায় করা যাবে না। এ ধরনের কোন অভিযোগ পাওয়া গেলে ইজারা বাতিল করা হবে।

পৌরসভা ইজারা ব্যতিত পৌরসভার গাড়ী ও সরকারী গাড়ী হইতে কোন ফি/ টোল আদায় করা যাবে না।

১৩। ইজারাদার কর্তৃক পৌরসভা হতে অনুমোদিত নিজ নিজ মহালের ফি/ টোল আদায়ের রশিদ বই ছাপিয়ে নিতে হবে। ইজারাদার কর্তৃক স্বাক্ষরিত রশিদ বই ছাড়া টোল আদায় করা যাবে না। প্রয়োজনে ইজারাদারের নাম সম্বলিত সীল ব্যবহার করিতে পারিবেন।

১৪। প্রত্যেক হাট/ ঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামের উপর গ্রুপ নং উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাদেরকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১৫। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৬। কাঙ্খিত সরকারী মূল্য অপেক্ষা কম মূল্যে দরপত্র পাওয়া গেলে উক্ত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে।

১৭। চুক্তিপত্রের যেকোনো শর্ত লঙ্ঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। ইজারার বকেয়া টাকা সরকারী দাবী আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৯। শর্তাবলীতে উল্লেখ নাই, এ ধরনের সমস্যার সৃষ্টি হলে হাট বাজার ইজারা নীতিমালা-২০২৫ অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ছাড়া যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

17/02/2026

মাহমুদুল হাসান রাসেল
প্রশাসক
কচুয়া পৌরসভা, চাঁদপুর।

স্মারক নং-৪৬.২০.১৩৫৮.০৫৭.০১.০০৩.২০২৬- ৫৯২ তারিখঃ ১৭/০২/২০২৬ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহকারে প্রেরন করা হলো ঃ

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, চাঁদপুর।
০৩. পুলিশ সুপার, চাঁদপুর।
০৪. সিভিল সার্জন, চাঁদপুর ।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
০৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
০৮. সহকারী কমিশনার (ভূমি), কচুয়া, চাঁদপুর।
০৯. অফিসার ইন-চার্জ, কচুয়া, চাঁদপুর।
১০. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
১১. সাব-রেজিষ্টার, কচুয়া, চাঁদপুর।
১২. ব্যবস্থাপক, ..........................................ব্যাংক, কচুয়া বাজার শাখা, কচুয়া, চাঁদপুর।
১২. জনাব/ জনাবা................................................, কাউন্সিলর (সকল)- ....... নং ওয়ার্ড, কচুয়া পৌরসভা, কচুয়া, চাঁদপুর।
১৩. পৌর নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী, কচুয়া পৌরসভা, কচুয়া, চাঁদপুর।
১৪. হিসাব রক্ষক, কচুয়া পৌরসভা, চাঁদপুর।
১৫. উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), কচুয়া পৌরসভা, চাঁদপুর।
১৬. সভাপতি/ সাধারণ সম্পাদক, কচুয়া বাজার ব্যবসায়ী সমিতি, কচুয়া, চাঁদপুর।
১৭. জনাব........................................................., প্রাক্তন ইজারাদার (সকল), ১৪৩২ বাংলা, কচুয়া, চাঁদপুর।
১৮. সম্পাদক, বিজ্ঞপ্তি টি-আপনার দৈনিক পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে আগামী ১৯/০২/২০২৬ ইং তারিখের মধ্যে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৯. নথি/ অত্র পৌরসভার নোটিশ বোর্ড।

17/02/2026

মাহমুদুল হাসান রাসেল
প্রশাসক
কচুয়া পৌরসভা, চাঁদপুর।

F://Jotan/market/Kachua2021/1433



CamScanner